শোকাবহ আগষ্ট, মেহেরপুরে ঈদের মোনাজাতে শহীদদের আত্মার মাগফেরাত কামনা

আজ ১লা আগস্ট। শোকাবহ আগস্টের প্রথম দিন। ১৯৭৫ সালের এ মাসেই বাঙালি হারিয়েছে হাজার বছরের শ্রেষ্ঠ সন্তান জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে।

পঁচাত্তরের ১৫ আগস্ট কালরাতে ঘাতকরা শুধু বঙ্গবন্ধুকেই হত্যা করেনি, তাদের হাতে একে একে প্রাণ দেন- বঙ্গবন্ধুর সহধর্মিনী বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব, বঙ্গবন্ধুর সন্তান শেখ কামাল, শেখ জামাল, শিশু শেখ রাসেলসহ পুত্রবধু সুলতানা কামাল ও রোজি জামাল। পৃথিবীর এ ঘৃণ্যতম হত্যাকাণ্ড থেকে বাঁচতে পারেননি বঙ্গবন্ধুর সহোদর শেখ নাসের, ভগ্নিপতি আব্দুর রব সেরনিয়াবাত, ভাগ্নে শেখ ফজলুল হক মনি, তার সহধর্মিনী আরজু মনি ও কর্নেল জামিলসহ পরিবারের ১৬ জন সদস্য ও আত্মীয়-স্বজন।

সেনাবাহিনীর কিছু সংখ্যক বিপদগামী সদস্য সপরিবারে জাতির পিতা বঙ্গবন্ধুকে হত্যার পর পুরো বিশ্বে নেমে আসে তীব্র শোকের ছায়া এবং ছড়িয়ে পড়ে ঘৃণার বিষবাষ্প।

শোকাবহ আগষ্টের প্রথম দিনে মেহেরপুর জেলা যুবলীগের মাসব্যাপী কর্মসূচির অংশ হিসেবে ঈদের নামাজ শেষে ১৫ আগষ্টের সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া করা হয়।

অন্যান্য কর্মসূচির মধ্যে রয়েছে, ৫ই আগস্টে শেখ কামালের জন্মদিন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে । ৮ই আগস্টে বঙ্গমাতা শেখ ফজিলতুন্নেছা মুজিবের জন্মদিন উপলক্ষে আলোচনা সভা ও দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে।

১৫ই আগস্টে কেন্দ্রিয় যুবলীগের নির্ধারিত সময় অনুযায়ী জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পন ও কেন্দ্রিয় যুবলীগের নির্দেশ মোতাবেক জাতীয় কর্মসূচিতে অংশগ্রহন। ১৭ই আগস্টে ২০০৫ সালে সরকারি মদদে জঙ্গি সংগঠন জেএমবি কর্তৃক দেশব্যপী ৪৩৪ স্থানে সিরিজ বোমা হামলার ঘটনায় নিন্দা প্রকাশ ও প্রতিবাদ কর্মসূচী পালন করা হবে।

২১শে আগস্টে গ্রেনেড হামলা দিবস উপলক্ষে কেন্দ্রীয় যুবলীগের নির্দেশক্রমে জাতীয় কর্মসূচীতে অংশগ্রহন। ২৪শে আগস্টে বিশিষ্ট নারী নেত্রী আইভি রহমানের মুত্যু বার্ষিকীতে দোয়া মাহফিল অনুষ্ঠিত হবে। এছাড়াও প্রতিটি জুম্মার নামাজে জাতির পিতা বঙ্গবন্ধু সহ সকল শহীদের আত্মার মাগফেরাত কামনায় দোয়া প্রার্থনা করা হবে।

এছাড়াও মাসব্যাপী পথ-শিশু ও অসহায় দুস্থদের মাঝে রান্না করা খাবার বিতরণ করা হবে। মুজিব শতবর্ষ উপলক্ষে বছরব্যাপী বৃক্ষ রোপন কর্মসূচী চলমান রয়েছে। সেই সাথে বাংলাদেশ আওয়ামী যুবলীগ কেন্দ্রীয় কমিটি ঘোষিত সকল কর্মসূচীতে অংশগ্রহন করা হবে।

মেপ্র/এমএফআর

এই রাস্তায় চলতে গিয়ে ডুবে মরতে চাইনা-গাংনীর সহগলপুরে পোস্টার হাতে শিশু

মেহেরপুরের গাংনী উপজেলার সহগলপুর গ্রামের পশ্চিম পাড়ার চলাচলের রাস্তাটি এখন মৃত্যু ফাদে পরিনত হয়েছে। দীর্ঘদিন ধরে বিপাকে এলাকার শতাধিক পরিবার। স্থানীয় জনপ্রতিনিধি থেকে শুরু করে উচ্চ পর্যায়ে বার বার রাস্তাটি সংস্কারের কথা বলা হলেও কর্নপাত করেনি কেওই।

তাই ঈদ উল আযহার এই আনন্দের দিনে প্রতিবাদি হয়ে উঠেছে এক শিশু। ঈদ উদযাপন ফেলে পোস্টার হাতে পানিতে দাড়িয়ে তার অভিনব প্রতিবাদ।

স্থানীয় সূত্রে জানা যায় শতাধিক পরিবারের অধিক পানিবন্দি। সহগল পুর গ্রামের গ্রাম্য ডাক্তার নাছিম উদ্দিন জানান এই রাস্তা নিয়ে সকলপ্রকার মানুষ দারে দারে গিয়েও ফল পাইনি আজও তবে এই রাস্তাটার মেরামত খুবই গুরুত্বপূর্ণ হয়ে দাড়িয়েছে। এ বিষয়ে মেহেরপুর ২ আসনের এমপি মহদয় কে জানানে হলেও তিনি আজ পর্যন্ত কোন ব্যবস্থা

নেননি।

সহগলপুর গ্রামের লতিফ মুল্লা জানান, রাস্তার এমন বেহাল দষা ছোট ছোট বাচ্চাদের বাবা মায়েরা রয়েছে আতঙ্কে। না জানি কখন তাদের বিপদ সংকেত শুনতে হয়। তবে আমার আকুল আবেদন মেম্বার, চেয়ারম্যান এমপি মহদয় আপনারা আমাদের দিকে সুদৃষ্টি দেন।

একই গ্রামের জুয়েল রানা জানান ভারি বর্ষনের ফলে আমাদের রাস্তার বেহাল দষায় পরিনত হয়। তাই এই বেহাল দষাকে তিব্র প্রতিবাদ জানান ৮ বছরের কিশোর ছেলে। তবে সহগল পুর গ্রামের সকল মানুষের এখন প্রানের দাবি তাদের রাস্তা সংস্কার চাই।

এ বিষয়ে গ্রামের মেম্বার কুবাদ আলী জানান আমি এ বিষয়ে উর্ধতন দের সাথে কথা বলেছি এই বিরল সমস্যা সমাধের চেষ্টা চলছে।

এ বিষয়ে কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মিজানুর রহমান রানা জানান এই রাস্তা সহ আরো রাস্তার পিচ রাস্তা করার জন্য প্রকল্প দেওয়া হয়েছে। তবে সেই কাজ সম্পন্ন হলে এই জনদুর্ভোগ লাঘব হবে ইনশাআল্লাহ।

মেপ্র/এমএফআর

ধর্মীয় ভাবগাম্ভীর্যের মধ্য দিয়ে মেহেরপুরে ঈদ উল আযহা পালিত

আজ শনিবার (১ আগস্ট) ত্যাগ আর উৎসর্গের আদর্শে মহিমান্বিত পবিত্র ঈদুল আজহা মেহেরপুরসহ সারা দেশে পালিত হচ্ছে। ধর্মপ্রাণ মুসলিম জাহানের জন্য খুশির বার্তা নিয়ে বছর ঘুরে আবারও ফিরে এসেছে ত্যাগের মহিমায় ভাস্বর পবিত্র ঈদ-উল-আযহা।

সরকারি নির্দেশনা অনুযায়ী মেহেরপুরের প্রায় সব জায়গাতেই মসজিদে ঈদের জামাত অনুষ্ঠিত হয়। মেহেরপুর কোট জামে মসজিদে ঈদুল আযহার

৩টি জামাত অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে ৭টায় প্রথম জামাত সকাল সাড়ে আটটায় দ্বিতীয় জামাত অনুষ্ঠিত হয়। সকাল সাড়ে ৯টায় ৩য় জামাত অনুষ্ঠিত হয়। মেহেরপুরের জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মুনসুর আলম খান ৩য় জামাতে নামাজ আদায় করেন।

মেহেরপুরের পুলিশ সুপার এসএম মুরাদ আলি সকাল ৮ টায় পুলিশ লাইন মসজিদে পুলিশের অন্যান্য কর্মকর্তাদের সাথে নিয়ে ঈদুল আযহার নামাজ আদায় করেছেন।

সকাল সাড়ে ৭টায় শহরের হোটেল বাজার জামে মসজিদে ঈদুল আযহার জামাত অনুষ্ঠিত হয়।মেহেরপুর জেলা পরিষদের চেয়ারম্যান ও সদর উপজেলা আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব গোলাম রসুল হোটেল বাজার জামে মসজিদে ঈদের নামাজ পড়েছেন।

মুসলমানদের অন্যতম প্রধান ধর্মীয় উৎসব ঈদ-উল-আযহা। বাঙালি সমাজে ‘কোরবানির ঈদ’ নামেও পরিচিত।

এদিন দেশের ধর্মপ্রাণ মুসলিমরা ত্যাগের মহিমায় উদ্বুদ্ধ হয়ে ঈদের নামাজ শেষে মহান আল্লাহর সন্তুষ্টি আদায়ে পশু কোরবানি করছেন।

একদিকে বিশ্বজুড়ে মহামারী করোনার প্রভাব অন্যদিকে দেশে বন্যার প্রকোপে এবার ঈদ এসেছে এক ভিন্ন প্রেক্ষাপটে। দেশের এই বিপর্যস্ত অবস্থার মধ্যে নাকাল অগনিত মানুষ। তারপরও পবীত্র ঈদকে কেন্দ্র করে স্বাস্থ্যবিধি মেনে ঈদ যাপন করছে মেহেরপুরবাসী।

পবিত্র ঈদ-উল-অযহা সম্পর্কে কোরআনের বর্ণনা অনুযায়ী, চার হাজার বছর আগে আল্লাহর নির্দেশে হজরত ইব্রাহিম (আ.) তার সবচেয়ে প্রিয় বস্তু নিজ সন্তান হজরত ইসমাইল (আ.)-কে কোরবানি করার উদ্যোগ নেন। কিন্তু আল্লাহর কুদরতে হজরত ইসমাইল (আ.)-এর পরিবর্তে একটি দুম্বা কোরবানি হয়। হজরত ইব্রাহিম (আ.)-এর এই ত্যাগের মনোভাবের কথা স্মরণ করে প্রতিবছর মুসলমানরা কোরবানি করে থাকেন।

মেপ্র/এমএফআর

মেহেরপুরিয়ান এডমিন প্যানেলের পক্ষ থেকে ঈদ উপহার সামগ্রী বিতরণ

মেহেরপুরিয়ান ফেসবুক গ্রুপ এডমিন প্যানেলের পক্ষ থেকে এক শতাধিক বুদ্ধি প্রতিবন্ধী শিশু, হতদরিদ্র, অসহায় ও অসুস্থ মানুষের মাঝে ঈদ উপহার পোষাক ও খাবার বিতরণ করা হয়েছে।

বৃহস্পতিবার ও শুক্রবার সকালে মেহেরপুর সদর কাশ্ব্যবপাড়া, গড় পাড়া, ওয়াবদা পাড়া, মল্লিক পাড়া, ফৌজদারী পাড়া, বামনপাড়া, আমদহ, বারাদী,আশরাফপুর, বিদ্যধার পুর, গাংনী উপজেলার যুগিন্দা গ্রাম সহ বেশ কিছু স্থানে বুদ্ধি প্রতিবন্ধী অসহায় দুস্থ মানুষের মাঝে ঈদ উপহার সামগ্রী বিতরণ করা হয়েছে।

এ সময় এডমিন প্যানেলের পক্ষ থেকে এডমিন ফাহিম ও মডারেটর এস আই শাকিল বলেন, সকলেই তো ঈদে পশু কোরবানি করবে দামি পোষাক পরিধান করবে।

কিন্তু এই মানুষ গুলোকে নিয়ে কয় জন ভাবে, তাদের মুখে একটু হাসি ফুটানোর জন্য এই মানুষ গুলোর সাথে ঈদ আনন্দ ভাগ করে নিতেই এই উদ্যোগটি নেওয়া আল্লাহর অশেষ রহমতে বিতরণ কাজ সফলতার সাথে শেষ করা হয়েছে।

অক্লান্ত পরিশ্রম করেছেন মেহেরপুরিয়ান পরিবারের এডমিন প্যানেলের সকল সদস্যবৃন্দ।

মেপ্র/আরপি

কুষ্টিয়ায় জমে উঠেছে ঈদের

বাজার

কুষ্টিয়ায় কোরবানির ঈদকে কেন্দ্র করে জমে উঠেছে ঈদের বাজার। ক্রেতাদের সরাগমে মুখর হয়ে উঠেছে বিপণীবিতান গুলো। বিশেষ করে শহরের এনএসরোড লাভলী শপিং কমপ্লেক্স, পরিমল টাওয়ার, তমিজউদদীন সুপার মার্কেট, রজব আলী সুপার মার্কেট, বঙ্গবন্ধু সুপার মার্কেটে ভিড় বেশি লক্ষ্য করা গেছে।

এসব এলাকার বিপণীবিতান গুলোতেও বিক্রি ভালো হচ্ছে। তবে বিপণীবিতান গুলোতে স্বাস্থ্যবিধি মেনে চলা ও সামাজিক দূরত্ব নিশ্চিত করার কথা থাকলেও কোনো বালাই চোখে পড়ছে না।

দোকান মালিকরা বলছেন, করোনা ভাইরাসের কারণে রোজার ঈদে বেচাবিক্রি হয়নি। তবে রোজার ঈদের চেয়ে কোরবানির ঈদে বেচাবিক্রি ভালো হচ্ছে। লকডাউনের ক্ষতি কাটিয়ে উঠতে তাদের আরও সময় লাগবে বলে জানান তিনি।

বঙ্গবন্ধু সুপার মার্কেটে থ্রি পিস কর্ণারের মালিক বলেন, এই ঈদে ভালো বেচাবিক্রি হচ্ছে। সকাল থেকে সন্ধ্যা পর্যন্ত ক্রেতাদের ভিড় লেগেই আছে।

আসাদুল ইসলাম নামের আরেক বিক্রেতা বলেন, মেয়েদের পোশাকই বিক্রি হচ্ছে বেশি। বিশেষ করে থ্রি-পিস ও শাড়ি বেশি বিক্রি হচ্ছে। আর শিশুদের পোশাক বিক্রি ভালো হচ্ছে।

এনএস রোডের অঙ্গশোভার মালিক কাপড় ব্যবসায়ী বাদশা শেঠ বলেন, এনএস রোডে প্রধানত মধ্যবিত্তরা কেনাকাটা করতে বেশি আসেন। করোনা ভাইরাসের কারণে তারা খুব একটা মার্কেট করতে আসছেন না। এইজন্য কম বেচাকেনা হচ্ছে।

এনএস রোড দোকান মালিক সমিতির সাধারণ সম্পাদক এসএম কাদেরী শাকিল জানান, শহরের বিভিন্ন মার্কেটে দেড় হাজারের মতো দোকানপাট রয়েছে। করোনা ভাইরাসের কারণে গত রোজার ঈদে বেচাবিক্রি হয়নি বললেই চলে। এবার বেশ ভালোই বেচাকেনা হচ্ছে।

তবে লকডাউনের ক্ষতি কাটিয়ে উঠতে আরো বেশকিছুদিন সময় লেগে যাবে ব্যবসায়ীদের।

মেপ্র/আরপি

গাংনীতে ঈদ উপলক্ষে মাংস বিক্রির

আজ সকাল থেকেই গাংনীর কাথুলী তে ঈদুল আযহা উপলক্ষে বেড়েছে মাংস বিক্রি।

স্থানীয় ক্রেতারা জানান, করোনার কারনে প্রতিবছরের ন্যায় এ বছরে যেন কোরবানি দেওয়া মানুষের সংখ্যা কম। তাই বেড়েছে মাংস কেনার ধুম।

বিক্রেতারা জানান, মাংস বিক্রির পরিমাণ বেশি হলেও দেরি হচ্ছে না খুব। তারা প্রতি কেজি মাংস বিক্রি করছেন ছাগল ৬৫০, গরু ৪৫০, মহিষ ৪৫০ টাকা হারে।

মাংস বিক্রেতা সাহাব উদ্দীন, সালাম, বদরউদ্দি, মালেক জানান, অন্যান্য বারের চেয়ে মাংসের কেজি প্রতি মুল্য অনেক কম। মাংস বিক্রি করতে পারছি দ্রুত।

তবে রোযার ঈদে যে পরিমাণ গরু মহিষ জোবাই করা হয়েছিল তার তুলনায় অনেক কম। তবে জাক জমকের সাথেই চলছে বেচা কেনা।

ক্রেতা ইন্তাজ আলী জানান, এমন বেচাকেনা জাকজমক দেখে মনে হচ্ছে করোনা যেন দেশ থেকে বিতাড়িত হয়েছে।

তিনি আরো জানান, মাংস বিক্রির ধুম বাড়লেও ঈদের নামায দুরত্ব বজায় রেখে নিজ নিজ মহল্লার মসজিদে অনুষ্ঠিত হবে।

মেপ্র/আরপি

গাংনীতে মেডিকেল এসিস্ট্যান্ট তানভির সহ জেলায় করোনা আক্রান্ত -৮

মেহেরপুর জেলায় মেডিকেল এসিস্ট্যান্ট নতুন করে আরো ৮জন করোনা আক্রান্ত হয়েছে।
বৃহস্পতিবার রাত ১১ টায় এ তথ্য নিশ্চিত করেছেন সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন। আক্রান্তদের মধ্যে গাংনী হাসপাতালে মেডিকেল এসিস্ট্যান্ট তানভির সহ গাংনীতে ৫,মেহেরপুর সদর ২ ও মুজিবনগরে ১জন।
মেহেরপুরের সিভিল সার্জন ডা: মো: নাসির উদ্দীন জানান, কুস্টিয়া পিসিআর ল্যাব থেকে ২৬টি নমুনা পরীক্ষার ফলাফল পাওয়া গেছে এর মধ্যে ৮জন করোনা পজেটিভ। এ নিয়ে জেলায় মোট আক্রান্ত ১শ’৭৩ জন। (এর মধ্যে সুস্থ্য ১শ’১, মৃত ৭ , ট্রান্সফার্ড ১৪ জন, মেহেরপুরে চিকিৎসাধীন ৫১ জন। তিনি সকলকে স্বাস্থ্য বিধি মেনে চলার আহবান জানিয়ে বলেন, প্রশাসনের পক্ষ থেকে আক্রান্ত ব্যক্তিদের বাড়ি লকডাউন করা হবে। এছাড়া আক্রান্তরা নিজ বাড়ি থেকে চিকিৎসা সেবা গ্রহন করবেন।
গাংনী হাসপাতালে মেডিকেল মেডিকেল এসিস্ট্যান্ট তানভির করোনা পজেটিভ নিশ্চিত করে গাংনী উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: মো: রিয়াজুল ইসলাম জানান,করোনা আক্রান্তদের চিকিৎসা সেবা দেওয়ার পাশাপাশি স্বাস্থ্য বিভাগের পক্ষ থেকে সার্বিক খোঁজ খবর নেয়া হচ্ছে।

প্রেম প্রতাখ্যান করায় নিজের পেটে ছুরিকাঘাত করে প্রেমিকের

আত্যহত্যার চেষ্টা

প্রেম প্রত্যাখ্যান করায় বিক্রমপুরের রাকিব শেখ নামের এক মাদকাসক্ত যুবক গাংনীতে এসে নিজের পেটে ছুরিকাঘাত করে আত্নহত্যার চেষ্টা করেছেন। আজ বিকেল ৩ টার সময় গাংনীর বামুন্দি বাস-স্ট্যান্ডে এ ঘটনা ঘটে। রাকিব শেখ (২০) বিক্রম পুরের শিরাজদিখা খিলগা এলাকার লিটন শেখের ছেলে বলে প্রাথমিক ভাবে পরিচয় পাওয়া গেছে। স্থানীয়রা তাকে রক্তাক্ত অবস্থায় উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। রাকিব শেখের পেটে প্রচুর রক্ত খরণ ও মাদকাসক্ত হওয়ায় তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করা হয়েছে।

জানা গেছে,গাংনী উপজেলার দিনমজুর সিদ্দিকুরের কন্যা সুমাইয়া(১৮) সংসারের অভাব অনটন ঘোচাতে গার্মেন্টসে চাকুরির উদ্দেশে ঢাকায় যায় দু বছর আগে। গাবতলী এলকার একটি গার্মেন্টস ফ্যাক্টরিতে চাকুরি নেয়। চাকুরি সুবাতে পরিচয় হয় ওই গার্মেন্টসের কর্মী রাকিবের সাথে। পরিচয়ের কয়েক মাস পরে তাকে বোনের পরিচয়ে রাকিবের বাড়িতে বেড়াতে নিয়ে যায়।

কিন্তু বাড়ি পৌছানোর পর তাকে বউ পরিচয় দিতে হত্যার হুমকি দিয়ে বাধ্য করে সুমাইয়া খাতুন কে। সুমাইয়া জানান, রাকিবের বাড়ি গিয়ে দেখি সে একজন মাদকাসক্ত যুবক। সে তার নিজের শরীরে ভিভিন্ন অংশে সিগারেটের স্যাকা দেয় এবং হাত কেটে আমাকে ভয়ভীতি দেখিয়ে কয়েকদিন আটকিয়ে রাখে। পরে আমি সেখান থেকে পালিয়ে আসি। ঢাকা জেলা লক ডাউন হওয়ার আগে আমি আমার গ্রামের বাড়ি পীরতলায় চলে আসি। রাকিব আমার ঠিকানা জোগাড় করে বুধবার আমাদের গ্রামে আসে। আমি তার সাথে দেখা বা যোগাযোগ না করায় সে। বাড়ি ফিরে যেতে বলে গ্রামের লোকজন।

বৃহস্পতিবার বিকেলে বামুন্দি বাজারে একটি ফলের দোকানে গিয়ে ফল কাটা ছুরি নিজের পেটে ঢুকিয়ে আত্নহত্যার চেষ্টা করে। এসময় স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করেন। সুমাইয়া খাতুনের মা সুফিয়া খাতুন বলেন, আমার মেয়ে বিবাহিতা। তাছাড়া চাকুরির সুবাদে সেখানে পরিচয় হওয়াটা সাভাবিক। ওই ছেলে ঘুমের ট্যাবলেট খেয়ে মাতলামি করতে করতে আমাদের বাড়িতে আসলে তাকে ঢুকতে দিইনি। রাকিবদের বাড়ির মোবাইল নাম্বারে যোগাযোগ করার চেষ্টা করা হয়,কিন্তু ফোন বন্ধ থাকায় যোগাযোগ করা সম্ভব হয়নি।

রাকিবের পেটে রক্ত খরণ বন্ধ না হওয়া এবং নেশাগ্রস্থ হয়ে মাতলামি করায় তাকে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে রেফার করে চিকিৎসক।

গাংনী থানার ওসি জানান, বিষয়টি শুনে স্বাস্থ্য কমপ্লেক্সে পুলিশ পাঠিয়েছেন। সেই সাথে রাকিবের পরিবারের লোকজনের সাথে যোগাযোগের চেষ্টা চলছে।

মেহেরপুরে প্রতিবন্ধী বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে ঈদ উপহার বিতরণ

মেহেরপুরে বুদ্ধি প্রতিবন্ধী ও আটিষ্টিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের মাঝে উপহার বিতরণ করা হয়েছে। বৃহস্পতিবার বিকালে শহরের মল্লিক পাড়ায় অবস্থিত বিদ্যালয়ের সকল শিক্ষার্থীদের মাঝে জন প্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর নির্দেশে ঈদ উপহার বিতরণ করা হয়।

জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর পক্ষে ঈদ উপহার তুলে দেন মেহেরপুর বড় বাজার ব্যবসায়ী কমিটির সাধারণ সম্পাদক আমিনুল ইসলাম খোকন।

এর আগে ঈদ উপহার বিতরণের ভার্চ্যুয়াল কনফারেন্সের মাধ্যমে উদ্বোধন করেন জনপ্রশাসন প্রতিমন্ত্রী ফরহাদ হোসেন এর পত্নী কেন্দ্রীয় যুব মহিলালীগ নেত্রী হোসাইন মোনালিসা।

এসময় উপস্থিত ছিলেন সাবেক আওয়ামী যুবলীগ এর সাংগঠনিক সম্পাদক মিজানুর রহমান হিরনসহ বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

মেপ্র/এমএফআর

দামুড়হুদা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে ২৫০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক

চুয়াডাঙ্গা জেলা সুযোগ্য পুলিশ সুপার জাহিদুল ইসলাম এর দিকনির্দেশনায় দামুড়হুদা থানা পুলিশের মাদক বিরোধী অভিযান চালিয়ে ২৫০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ীকে আটক করেছে পুলিশ। আটককৃত মাদক ব্যবসায়ী হলেন দামুড়হুদা উপজেলার কাদিপুর গাংপাড়ার মৃত সাবদার আলী ছেলে মনির হোসেন (৪০) ও তার সহপাঠী লোকনাথপুর বাসস্ট্যান্ডপাড়া মৃত আক্কেল আলীর ছেলে আব্দুল হালিম শাহ (৬০)।

দামুড়হুদা থানা পুলিশ সূত্র থেকে জানা গেছে, দামুডহুদা মডেল থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা সুযোগ্য পুলিশ অফিসার ইনচার্জ (ওসি) আব্দুল খালেক এর নেতৃত্বে, এস আই তৌহিদুর রহমান, এ এস আই মসলেম উদ্দীন, সঙ্গীয় ফোর্স নিয়ে গোপন সংবাদের ভিক্তিতে উপজেলার কাদিপুর গ্রামের পাকা রাস্তার উপর অভিযান পরিচালনা করেন বৃহস্পতিবার দুপুর ২ টার দিকে দোহ তল্লাশী করে ২৫০ গ্রাম গাঁজাসহ দুই মাদক ব্যবসায়ী আটক করেন।

পুলিশ আরও বলেন আটককৃত আব্দুল হালিম শাহ’র বিরুদ্ধে একাধিক মাদকের মামলা রয়েছে। মাদক ব্যবসায়ী মনির হোসেন ও সহপাঠী আব্দুল হালিম শাহ’র বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে দামুড়হুদা মডেল থানায় মামলা দায়ের করা হয়েছে বলে জানান পুলিশ।